দৈনিক ইত্তেফাক

তারিখ MAY 5 1999
পৃষ্ঠা ১২ কলাম ৪

39

কর্মচারী সমন্বয় পরিষদ

## ৫ দফা দাবীতে বঙ্গবন্ধু মেডিকেল ভার্সিটিতে ২ ঘণ্টা কর্মবিরতি শুরু

স্টাফ রিপোর্টার ঃ ৫ দফা দাবীতে গতকাল বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয় শাখার কর্মচারীরা উক্ত বিশ্ববিদ্যালয়ে ২ ঘণ্টার কর্মবিরতি পালন করে। আগামীকাল পর্যন্ত প্রতিদিন ২ ঘণ্টার কর্মবিরতি অব্যাহত থাকবে। সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত এই কর্মবিরতি চলছে। আগামী ৯ মে থেকে ১১ মে পর্যন্ত ৩ ঘণ্টা (সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত) কর্মবিরতি শুরু হবে। বাংলাদেশ সরকারী কর্মচারী সমন্বয় পরিষদ উক্ত বিশ্ববিদ্যালয় শাখা এই কর্মসূচী দিয়েছে।